

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : নুসরাত ফাতিমা, উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

সভার তারিখ : ১০.০৭.২০১৯ খ্রি:

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট "ক": দেখানো হল।

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, সাম্প্রতিক কয়েক দিনের অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে বন্যার আশংকা রয়েছে এবং সংশ্লিষ্ট সকলকে আসন্ন দুর্যোগ সংক্রান্ত বিষয়ে আলোচনা করে সমন্বিতভাবে দুর্যোগ মোকাবেলার জন্য অনুরোধ জানান। সভাপতি মহোদয় আলোচনান্তে জানান বিভিন্ন এলাকার তথ্য নিয়ে জানা যায় এভাবে অবিরাম বৃষ্টি হলে নিচু এলাকাসহ রাস্তাঘাট ডুবে যাওয়ার সমুহ সম্ভাবনা।

চেয়ারম্যান, রঞ্জারচর, ইউনিয়ন পরিষদ সুনামগঞ্জ সদর জানান যে, এভাবে বৃষ্টি অব্যাহত থাকলে নিম্নাঞ্চল প্লাবিত হওয়ার সম্ভাবনা রয়েছে। তিনি জানান যে, পুকুর সমুহে পানি উপচে পড়ায় মাছ চলে যাওয়ায় অনেকে ক্ষতিগ্রস্ত হয়েছে।

চেয়ারম্যান গৌরারং ইউনিয়ন পরিষদ জানান যে, লালপুর, সান্তারপাড়, সোনাপুর, হরিপুর, নিয়ামতপুর ও ইচ্ছারচর এলাকার নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। এখানে জরুরী ত্রাণ সহায়তা প্রয়োজন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, উপজেলায় জি.আর চাল মজুদ রয়েছে। জরুরী ত্রাণ সহায়তার প্রয়োজন হলে জি.আর চাল দেয়া যাবে।

চেয়ারম্যান জাহাঙ্গীরনগর ইউ/পি জানান যে, দুই বছর পূর্বে হিলিপ কর্তৃক নির্মিত বেরীবাঁধ ভেঙ্গে যাওয়ায় মঞ্জলকাটা বাজার প্লাবিত হয়েছে এবং বারবারিয়াতে এল.জি.ই.ডি কর্তৃক নির্মিত ০১ টি ব্রিজ বুকিপূর্ণ অবস্থায় আছে। মঞ্জলকাটা বাজারের সামনে এল.জি.ই.ডি কর্তৃক নির্মিত একটি রাস্তা আনুমানিক ৫০ ফুট দৈর্ঘ্য পরিমাণ ভেঙ্গে যায়। তাছাড়া নারায়নতলা স্কুলের পাশে এল.জি.ই.ডি কর্তৃক নির্মিত ব্রিজ ভেঙ্গে গেছে। এছাড়াও অন্যান্য রাস্তা পানির তোরে ক্ষতিগ্রস্ত হয়েছে। ফলে এসব এলাকার জনগণ যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থায় রয়েছে।

ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর জনাব আবুল হোসেন জানান যে, কোন দুর্যোগের পূর্বাভাস পাওয়া মাত্রই জনসাধারণকে সচেতন করা এবং তাদের জরুরী ভিত্তিতে নিরাপদ আশ্রয়ে চলে যাওয়া ও তাদের মালামাল নিরাপদে রাখার জন্য পরামর্শ দেওয়া প্রয়োজন।


সভাপতি বলেন যে, দুর্যোগ মোকাবেলা করার জন্য আমাদের সকলের প্রস্তুত থাকা প্রয়োজন। অতি বৃষ্টির কারণে বড় ধরনের দুর্যোগ হলে জনগণ ও গবাদী পশু নিরাপদ আশ্রয় কেন্দ্রে নেওয়ার জন্য নৌকা বা ট্রলার প্রস্তুত রাখতে হবে। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমুহ সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সিদ্ধান্ত সমুহ:

১। উপজেলা পর্যায়ে কন্ট্রোল রুম খোলা।


- ২। কর্মকর্তা ও কর্মচারীদের সার্বক্ষণিক কর্মক্ষেত্রে উপস্থিত থাকা নিশ্চিত করা।
- ৩। দুর্যোগ মোকাবেলায় সেচ্ছাসেবক গঠন করা এবং Disaster Quick Response Group তৈরী করা।
- ৪। সকল ইউপি চেয়ারম্যানদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ করা।
- ৫। জরুরী পরিস্থিতি মোকাবেলায় শিক্ষা প্রতিষ্ঠানে আশ্রয় কেন্দ্র খোলা।
- ৬। পর্যাপ্ত পরিমাণে চিরা, গুড়, মুড়ি, বিস্কুট, মোমবাতি, দিয়াশলাই পানি বিশুদ্ধ করণ ট্যাবলেট, ফিটকিরী ও খাবার স্যালাইন অন্যান্য প্রয়োজনীয় জিনিস মজুদ রাখা।
- ৭। ৩ (তিন) ঘন্টা পর পর জেলা পর্যায়ে বন্যা পরিস্থিতির তথ্য জানানো।
- ৮। জেলা ও উপজেলা পর্যায়ে দুর্যোগ পরিস্থিতি সংক্রান্ত হালনাগাদ তথ্য সংগ্রহ রাখা।
- ৯। জরুরী উদ্ধারকারী দল প্রস্তুত রাখা, ফায়ার সার্ভিসকে সতর্ক রাখা ও বিদ্যুত বিভাগের লোকজনকে সতর্ক রাখা।

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে দুর্যোগ মোকাবেলায় এগিয়ে আসার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২০/০৭/১৭
(নুসরাত ফাতিমা)

উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
ও সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

স্মারক নং-৫১.০১.৯০৮৯.০০০.৯৭.০০৩.১৭-  তারিখ: ১০.০৭.২০১৯ খ্রি:

- ০১। মাননীয় সংসদ সদস্য, ২২৭, সুনামগঞ্জ-৪ নির্বাচনী এলাকা।
- ০২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর।
- ০৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সুনামগঞ্জ।
- ০৮। উপজেলা (সংশ্লিষ্ট সকল সদস্য) উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, সুনামগঞ্জ সদর।
- ০৯। অফিস কপি।


১০/০৭/১৭

(মো: মানিক মিয়া)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ও সদস্য সচিব
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।